

# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

পদের নামঃ সহকারী প্রশাসনিক কর্মকর্তা

তারিখঃ ১৪.০২.২০২৫; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

01. উচ্চারণের সময় মুখবিবর উন্মুক্ত থাকে বলে 'আ' কে কী বলে?

- a) সংবৃত স্বরধ্বনি                      b) বিবৃত স্বরধ্বনি  
c) সম্মুখ স্বরধ্বনি                      d) পশ্চাৎ স্বরধ্বনি                      **ans. B**

**Solution:** বাংলা স্বরধ্বনিগুলোর উচ্চারণঃ

জিভের উচ্চতা	সম্মুখ, ওষ্ঠাধর প্রসূত	কেন্দ্রীয়, ওষ্ঠাধর বিবৃত	পশ্চাৎ, ওষ্ঠাধর গোলাকৃত
উচ্চ	ই ঙ্গ		উ উ
উচ্চমধ্য	এ		ও
নিম্নমধ্য	অ্যা		অ
নিম্ন		আ	

সংবৃতঃ যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর সংকুচিত হয় তাকে সংবৃত স্বরধ্বনি বলে। সংবৃত স্বরধ্বনি ২টি (ই, উ)। বিবৃতঃ যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর বিবৃত বা প্রসারিত হয় তাকে বিবৃত স্বরধ্বনি বলে। বিবৃত স্বরধ্বনি ২টি (অ, আ)।

02. 'ক্ষ' বর্ণটির বিশিষ্ট রূপ কোনটি?

- a) ক্ + ম                                      b) ক্ + গ  
c) ক্ + ষ                                      d) হ্ + ম                                      **ans. D**

**Solution:** 'ক্ষ' এর যুক্তবর্ণ 'হ্ + ম'। উল্লেখ্য,

বর্ণ	স্বচ্ছরূপ	বর্ণ	স্বচ্ছরূপ
ক্ষ	ক্ + ষ	ক্ষ	হ্ + ম
হ্	হ্ + ণ	হ্	হ্ + ন

03. 'ডাল-ভাত' কেমন অর্থের শব্দযোগে দ্বিরুক্ত হয়েছে?

- a) সমার্থক                                      b) মিলনার্থক  
c) বিপরীতার্থক                              d) ভিন্নার্থক                                      **ans. D**

**Solution:** একই শব্দ ঙ্গে পরিবর্তন করে দ্বিরুক্ত শব্দ গঠনের রীতিকে বলে যুগ্মরীতি। যুগ্মরীতিতে দ্বিরুক্ত গঠনের কয়েকটি নিয়ম রয়েছে। এগুলো হলোঃ

শব্দের আদি স্বরের পরিবর্তন করে	চুপচাপ, মিটমিট, জরিজুরি।
শব্দের অন্ত্যস্বরের পরিবর্তন করে	সরাসরি, মারামারি, হাতাহাতি, জেদাজেদি।
দ্বিতীয়বার ব্যবহারের সময় ব্যঞ্জনধ্বনির পরিবর্তন করে	ছটফট, নিশপিশ, ভাতটাত।
সমার্থক বা একার্থক সহচর শব্দ যোগে	চলাচল, রীতিনীতি, বনজঙ্গল, ভয়ভয়।
ভিন্নার্থক শব্দ যোগে	ডালভাত, তালাচাষি, পথঘাট, অলিগলি।
বিপরীতার্থক শব্দ যোগে	ছোট-বড়, আসা-যাওয়া, জন্ম-মৃত্যু।

04. কোন দুটি স্বরবর্ণের পরে মূর্ধন্য ষ এর প্রয়োগ হয় না?

- a) অ, আ                                      b) ই, ঙ্গ  
c) উ, উ                                      d) এ, ঐ                                      **ans. A**

**Solution:** 'অ এবং আ' এই দুটি স্বরবর্ণের পরে মূর্ধন্য ষ এর প্রয়োগ হয় না। এছাড়া 'ই, ঙ্গ, উ, উ, ঋ, ঌ, ঐ, ঔ, ও, ঐ, ক এবং র' এই সকল বর্ণের পরে বহুক্ষেত্রে 'ষ' হয়। যেমনঃ ভবিষ্যৎ (ভ + অ + ব্ + ই + ষ হয়েছে), চক্ষুস্থান, মুমূর্ষু, চিকীর্ষা ইত্যাদি।

05. যে ধাতুর বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম কি?

- a) কারক                                      b) বিভক্তি  
c) যতি                                      d) প্রকৃতি                                      **ans. D**

**Solution:** যে শব্দকে বা কোনো শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতর অংশে ভাগ করা যায় না, তাকে প্রকৃতি বলে। উল্লেখ্য, বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। 'কারক' শব্দটির অর্থ 'যা ক্রিয়া সম্পাদন করে'। বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অর্থ সাধনের জন্য শব্দের সঙ্গে যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের বিভক্তি বলে। কবিতার একটি চরণের যতটুকু এক একটি বোঁকে উচ্চারণ করা যায় এবং সে উচ্চারিত অংশের পর যে বিরতি এসে পড়ে, তাকে যতি বলে।

06. 'অভিনিবেশ' শব্দটির অর্থ কি?

- a) অভিরুচি                                      b) নিস্পৃহ  
c) মনোযোগ                                      d) বিশেষ ভাবে                                      **ans. C**

**Solution:** 'অভিনিবেশ' শব্দের সমার্থক শব্দ হলোঃ মনোযোগ; একগ্রতা; প্রণিধান ইত্যাদি।

07. নিচের কোনটি নিত্য সমাস?

- a) পঞ্চদশ                                      b) দেশান্তর  
c) বেয়াদব                                      d) ভালমন্দ                                      **ans. B**

**Solution:** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে ব্যাসবাক্যের প্রয়োজন হয় না তাকে নিত্যসমাস বলে। তদর্থবাচক ব্যাখ্যামূলক শব্দ বা বাক্যাংশ যোগে এগুলোর অর্থ বিশাদ করতে হয়। যেমনঃ অন্য দেশ = দেশান্তর; অন্য গ্রাম = গ্রামান্তর; অন্য গৃহ = গৃহান্তর; দুই এবং নব্বই = বিরানব্বই।

08. 'প্রতি' কোন ভাষার উপসর্গ?

- a) আরবি                                      b) বাংলা  
c) ইংরেজ                                      d) সংস্কৃত                                      **ans. D**

**Solution:** 'প্রতি' হলো সংস্কৃত উপসর্গ। উল্লেখ্য,

তৎসম (সংস্কৃত) উপসর্গ	প্রতি	সদৃশ	প্রতিমূর্তি, প্রতিধ্বনি
		বিরোধ	প্রতিবাদ, প্রতিদ্বন্দ্বী
		পৌনঃপুন্য	প্রতিদিন, প্রতিমাস
		অনুরূপ কাজ	প্রতিঘাত, প্রতিদান, প্রত্যুপকার
		পাল্টা	প্রতিহিংসা
		তুল্য	প্রতিধ্বনি

09. বাংলা গদ্য সাহিত্যের উৎপত্তিকাল-

- a) ষোড়শ শতাব্দী                                      b) সপ্তদশ শতাব্দী  
c) অষ্টাদশ শতাব্দী                                      d) ঊনবিংশ শতাব্দী                                      **ans. D**

**Solution:** গবেষকদের মতে, ষোল থেকে আঠারো শতক অবধি বাংলা গদ্যের নির্দশন প্রধানত চিঠিপত্রে ও দলিল - দস্তাবেজে আবদ্ধ ছিল। কিন্তু বাংলা সাহিত্যে গদ্যের সূচনা হয় ঊনিশ শতকে।

10. মনসামঙ্গল কাব্যের আদি কবি কে?

- a) কানাহরি দত্ত                                      b) মানিক দত্ত  
c) বিজয় দত্ত                                      d) ময়ূর দত্ত                                      **ans. A**

**Solution:**

কাব্যের নাম	রচয়িতাগণ	প্রধান চরিত্র
মনসামঙ্গল	কানাহরি দত্ত, বিজয়গুপ্ত, বিশ্বদাস পিপিলাই, দ্বিজ বংশীদাস, কেতকাদাস ফেমানন্দ	চাঁদ সওদাগর, বেহলা, লখিন্দর, মনসা

চণ্ডীমঙ্গল	মানিক দত্ত, মুকুন্দরাম চক্রবর্তী, দ্বিজ মাধব	ফুলুরা, কালকেতু, ধনপতি, ভাঁড়দত্ত, মুরারি শীল (ঠগ)
অন্নদামঙ্গল	ভারতচন্দ্র রায়গুণাকর	ঈশ্বরী পাটনী, হিরামালিনী
ধর্মমঙ্গল	মঘুর ভট্ট, রূপরাম চক্রবর্তী, ঘনরাম চক্রবর্তী, শ্যাম পণ্ডিত	হরিশচন্দ্র, লাউসেন

11. কোন বাগধারাটি ভিন্নার্থক?

- a) অহি-নকুল                      b) উত্তম-মাধ্যম  
c) আদায়-কাঁচকলায়              d) সাপে-নেউলে                      **ans. B**

**Solution:** আদায়-কাঁচকলায়, দা-কুমড়া এবং অহি-নকুল বাগধারাগুলোর অর্থ শত্রুতা। কিন্তু উত্তম-মাধ্যম বাগধারাটির অর্থ প্রহার করা।

12. 'বল বীর উন্নত মম শির' - বাক্যটি কি সূচক?

- a) ইচ্ছাসূচক                      b) প্রশ্নসূচক  
c) আদেশসূচক                      d) বিস্ময় বোধক                      **ans. C**

**Solution:** যে বাক্যে আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ ইত্যাদি অর্থ প্রকাশ পায় তাকে অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য বলে।

13. এক কথায় প্রকাশ করুনঃ 'যা ভবিষ্যতে ঘটবে'।

- a) ভবিষ্যৎ                      b) ভবিষ্য  
c) ভবিতব্য                      d) অভব্য                      **ans. C**

14. 'অনিল' শব্দের অর্থ কি?

- a) যা নীল নয়                      b) একজন মানুষের নাম  
c) কোকিল                      d) বাতাস                      **ans. D**

**Solution:** 'বাতাস' শব্দের সমার্থক শব্দঃ বায়ু, অনিল, পবন, গন্ধবাহ, সমীরণ, সমীর, মরুৎ, মারুত ইত্যাদি।

15. কোন শব্দটি নিত্য পুরুষবাচক?

- a) কবিরাজ                      b) সশ্রাট  
c) জ্ঞানী                      d) মানুষ                      **ans. A**

**Solution:** আরো কিছু নিত্য পুরুষবাচক শব্দ হলোঃ কবিরাজ, যোদ্ধা, সেনাপতি, দলপতি, ঢাকী, কৃতদার, রাষ্ট্রপতি, বিচারপতি, বামন, কাপুরুষ, জামাতা, মোল্লা ইত্যাদি।

16. বাক্যের 'একক' কি?

- a) উক্তি                      b) বিভক্তি  
c) উপসর্গ                      d) কোনোটিই নয়                      **ans. D**

**Solution:** বাক্যের মূল উপাদান বা একক হলো শব্দ। উল্লেখ্য, পরস্পর সম্পর্কযুক্ত একাধিক পদ একত্র হয়ে একটি সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করলে তাকে বাক্য বলে। একটি আদর্শ বাক্যের বা সার্থক বাক্যের ৩টি গুণ (আকাজক্ষা, আসক্তি, যোগ্যতা) থাকে।

17. 'অতি ভক্তি চোরের লক্ষণ' বাক্যটির 'অতি' শব্দটি-

- a) নাম বিশেষণ                      b) বিশেষ্যের বিশেষণ  
c) ভাব বিশেষণ                      d) ক্রিয়া বিশেষণ                      **ans. B**

**Solution:** এখানে ভক্তি (বিশেষ্য) ও অতি (বিশেষণ) তাই এটি বিশেষ্যের বিশেষণ বা নাম বিশেষণ। অপশনে দুটি থাকলে বিশেষ্যের বিশেষণ দেওয়া ভালো নতুবা নাম বিশেষণ হবে।

18. 'সৌম্য' এর বিপরীত শব্দ কোনটি?

- a) উদ্ধত                      b) হৃদয়বান  
c) উগ্র                      d) কঠিন                      **ans. C**

**Solution:** 'সৌম্য' এর বিপরীত শব্দ উগ্র। 'সৌম্য' শব্দের কিছু সমার্থক শব্দঃ প্রশান্ত; ধীর; স্থির; মনোরম; মনোহর; প্রসন্ন ইত্যাদি।

19. কোন সম্রাট তার শাসনামলা ব্রাহ্মী লিপিতে উৎকীর্ণ করেন?

- a) অশোক                      b) চন্দ্রগুপ্ত  
c) কণিষ্ক                      d) মহীপাল                      **ans. A**

**Solution:** সম্রাট অশোক তার অধিকাংশ কর্ম ব্রাহ্মী লিপিতে লেখান। এই উপমহাদেশে আর্য ভাষার প্রাচীনতম যে বর্ণমালার সন্ধান পাওয়া যায় তা খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকের, অশোকের অনুশাসনের সময়ের। বগুড়ার মহাস্থানগড়ে যে লিপি পাওয়া গেছে উভয় প্রাপ্ত লিপির সাদৃশ্য আছে। এই লিপিকে ব্রাহ্মী লিপি বলে। ব্রাহ্মী লিপি কুষাণ ও গুপ্ত রাজাদের আমলের পরিবর্তিত হয়ে তিনটি রূপ ধারণ করে। যথাঃ সারদা (কাশ্মির ও পাজাবে প্রচলিত রূপ), নাগর (রাজস্থান ও মালব; গুজরাট ও মধ্যপ্রদেশে প্রচলিত রূপ) এবং কুটিল (ভারতের পূর্বাঞ্চলে প্রচলিত রূপ)। বাংলা লিপি ব্রাহ্মী লিপির এই কুটিল রূপ থেকে সৃষ্টি হয়েছে।

20. চর্যাপদের কবিদের মধ্যে সবচেয়ে বেশি পদ কে রচনা করেন?

- a) লুইপা                      b) কাহুপা  
c) সরহ পা                      d) শবর পা                      **ans. B**

**Solution:** বাংলা সাহিত্যের প্রাচীন যুগের আদি নিদর্শন চর্যাপদ। চর্যাপদ একটি গানের সংকলন। চর্যাপদের প্রথম পদটি লুইপার লেখা। চর্যাপদের সবচেয়ে বেশি পদ রচনা করেন কাহুপা। কাহুপা রচিত পদের সংখ্যা ১৩টি। উল্লেখ্য, চর্যাপদের প্রথম পদটি রচনা করেন লুইপা। উল্লেখ্য, চর্যাপদের সবচেয়ে বেশি পদ রচয়িতা কাহুপা। তিনি চর্যাপদে মোট ১৩টি পদ (৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৮, ১৯, ৩৬, ৪০, ৪২, ৪৫; ২৪নং পদটি তার রচিত হলেও সেটি পাওয়া যায়নি) রচনা করেন। শবরপা ২৮ ও ৫০ নং পদ; লুইপা ১ ও ২৯ নং পদ এবং ভুসুকুপা ৬, ২১, ২৩, ২৭, ৩০, ৪১, ৪৩ ও ৪৯ নং পদ রচনা করেছেন।

21. Students should \_\_\_\_\_ the rules.

- a) aim at                      b) abide by  
c) bask in                      d) cohort in                      **ans. B**

**Solution:** Abide by – কোন নিয়ম মেনে চলা।  
বাক্যের অর্থঃ ছাত্রদের উচিত নিয়মগুলো মেনে চলা।

22. The man \_\_\_\_\_ Malaria.

- a) died of                      b) died off  
c) died from                      d) died by                      **ans. A**

**Solution:** বাক্যটি পড়লে বুঝা যায় যে, লোকটি ম্যালেরিয়া রোগে মারা গিয়েছিলো। আর কোনো রোগে মারা যাওয়ার ক্ষেত্রে Die of বসে। তাই উত্তর অপশন a)।

Die away – বিলুপ্ত হওয়া	Die down – বেগ প্রশমিত হওয়া
Die off – গাদা গাদা মরা	Die for – দেশের জন্য মরা
Die of – রোগে মরা	Die by – দুর্ঘটনায় মরা
Die from – অতি ভোজনে মরা	Die out – বিলুপ্ত হওয়া

সঠিক বাক্যঃ The man died **of** malaria.  
বাক্যের অর্থঃ লোকটি ম্যালেরিয়া রোগে মারা গিয়েছিলো।

23. The girl \_\_\_\_\_ be innocent.  
 a) appeared into                      b) appeared to  
 c) accused to                          d) appeared as      **ans. B**

**Solution:** Appeared to be – প্রতীয়মান হয়েছিল।  
 বাক্যের অর্থঃ বালিকাটিকে দেখে নির্দোষ মনে হয়েছিল।

24. I \_\_\_\_\_ You on this point.  
 a) different from                      b) different with  
 c) indifferent to                        d) differ with      **ans. D**

**Solution:** Differ with somebody on something – কারো সাথে কোনো বিষয়ে ভিন্নমত পোষণ করা।  
 বাক্যের অর্থঃ আমি তোমার সাথে এই বিষয়ে ভিন্ন মত পোষণ করি।

25. After breakfast, she \_\_\_\_\_ in the park.  
 a) walked about                      b) walk through  
 c) walked along                        d) walk along      **ans. C**

**Solution:** পার্ক বরাবর হাঁটা অর্থে Walk along বসাতে হবে। আর She এরপর শুধু Walk না হয়ে Walks হতো। এই জন্য অপশন b) এবং d) বাদ। আর Walk এরপর কখনো About বসে না। তাই অপশন a) বাদ।  
 অতএব সঠিক উত্তর হবে অপশন c)।  
 বাক্যের অর্থঃ সকালে নাস্তার পর তিনি পার্কে হাঁটতেন।

26. Money of property brought by a woman to her husband at marriage.  
 a) Ornament                              b) Honorary  
 c) Adornment                            d) Dowry              **ans. D**

**Solution:** পণ্য (Dowry) হল অর্থ, সম্পত্তি বা মূল্যবান জিনিসপত্র যা একজন নারী তার স্বামীর কাছে বিয়ের সময় নিয়ে আসে। এটি ঐতিহাসিকভাবে বিভিন্ন সমাজে প্রচলিত ছিল এবং অনেক ক্ষেত্রে এটি সামাজিক ও অর্থনৈতিক প্রভাব ফেলে।

27. A person with the same name as another-  
 a) Nickname                              b) Namesake  
 c) Anonymous                          d) Pseudonym      **ans. B**

**Solution:** Nickname – ডাকনাম। Namesake – মিতা; অন্যের নামের সাথে মিল। Anonymous – নামহীন / বেনামী। Pseudonym – ছদ্মনাম।

28. An act of mass destruction and loss of life-  
 a) Oregon                                  b) Cannibal  
 c) Holocaust                              d) Homicide          **ans. C**

**Solution:** Holocaust বলতে গণহত্যা এবং প্রাণহানি বোঝায়, যা প্রায়শই গণহত্যা বা বৃহৎ আকারের ধ্বংসযজ্ঞের সাথে যুক্ত। যেমনঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের হোলোকাস্ট। উল্লেখ্য,

Oregon	একটি মার্কিন রাজ্য, যা অপ্রাসঙ্গিক।
Cannibal	বলতে এমন ব্যক্তি বা প্রাণীকে বোঝায় যে তার নিজস্ব প্রজাতি খায়, গণহত্যা নয়।
Homicide	বলতে একক ব্যক্তির হত্যাকে বোঝায়, বৃহৎ আকারের ধ্বংসযজ্ঞ নয়।

29. The right and power to interpret and apply the law-  
 a) Nugatory                              b) Jurisdiction  
 c) Lawrence                                d) Judiciary          **ans. B**

**Solution:** Jurisdiction অর্থ বিচার ব্যবস্থা; এখতিয়ার।

30. Highly attractive and able to arouse hope or desire-  
 a) Alluring                                b) Elusiveness  
 c) Tenacity                                d) Knotty              **ans. A**

**Solution:** Alluring – লোভনীয়।

46. রহিম, করিম এবং জামাল একসঙ্গে একটি নির্মাণ প্রকল্পে কাজ করছে। একদিনে জামাল যতটুকু কাজ করে, রহিম ও করিম একত্রে তার দ্বিগুণ কাজ করে। যদি জামাল একা পুরো কাজটি ৪ মাসে করতে পারে তবে তিনজন একসঙ্গে কাজ করলে কত দিনে কাজটি শেষ হবে?  
 a) ৩০                                        b) ৪০  
 c) ৫০                                        d) ৬০                      **ans. B**

**Solution:** জামালের কাজটি করতে সময় লাগে

$$= ৪ মাস \times ৩০ = ১২০ \text{ দিনে।}$$

রহিম ও করিম, জামালের চেয়ে দ্বিগুণ গতিতে কাজ করায়

$$\text{তাদের সময় লাগবে অর্ধেক অর্থাৎ} = \frac{১২০}{২} = ৬০ \text{ দিন।}$$

$$\text{জামাল ১ দিনে করে} = \frac{১}{১২০} \text{ অংশ কাজ}$$

$$\therefore \text{ রহিম + করিম ১ দিনে করে} = \frac{২}{৬০} \text{ অংশ কাজ}$$

$$\therefore \text{ জামাল + রহিম + করিম একত্রে ১ দিনে করে} = \frac{১}{১২০} + \frac{২}{৬০} = \frac{৩}{১২০} \text{ অংশ কাজ।}$$

$$\frac{৩}{১২০} \text{ অংশ কাজ করে} = ১ \text{ দিনে}$$

$$\therefore ১ \text{ বা সম্পূর্ণ অংশ কাজ করে} = \frac{১২০}{৩} = ৪০ \text{ দিনে।}$$

47.  $ax + by = a - b$  এবং  $bx - ay = a + b$  হলে,  $x$  এর মান কত?  
 a) 2                                        b) 1.5  
 c) 1                                        d) 2.5                      **ans. C**

**Solution:** দেয়া আছে,  $ax + by = a - b$  ..... (i)  
 এবং  $bx - ay = a + b$  ..... (ii)

$$(i) \times a + (ii) \times b, \text{ আমরা জানি,}$$

$$\Rightarrow a^2x + aby = a^2 - ab$$

$$\Rightarrow b^2x - aby = ab + b^2 \quad [\text{যোগ করে}]$$

$$\Rightarrow x(a^2 + b^2) = a^2 + b^2$$

$$\therefore x = \frac{a^2 + b^2}{a^2 + b^2} = 1$$

48. একটি সংখ্যার বর্গের সাথে ৫ যোগ করলে যোগফল ৩০ সংখ্যাটি কত?  
 a) ৪                                        b) ৫  
 c) ৬                                        d) ৮                      **ans. B**

**Solution:** মনে করি, সংখ্যাটি =  $x$

$$\text{প্রশ্নমতে, } x^2 + ৫ = ৩০$$

$$\Rightarrow x^2 = ২৫$$

$$\therefore x = ৫$$

49. ৮ জন পুরুষ বা ১৮ জন বালক একটি কাজ ৩৬ দিনে করতে পারে। ১৬ জন পুরুষ ও ১৮ জন বালক সেই কাজের দ্বিগুণ একটি কাজ কত দিনে করতে পারবে?  
 a) ২৪                                        b) ২৬  
 c) ২৮                                        d) ৩০                      **ans. A**

**Solution:** ৮ জন পুরুষের কাজ = ১৮ জন বালকের কাজ

$$\therefore 1 \text{ জন পুরুষের কাজ} = \frac{18}{8} \text{ জন বালকের কাজ}$$

$$\therefore 16 \text{ জন পুরুষের কাজ} = \frac{18 \times 16}{8} = 36 \text{ জন বালকের কাজ}$$

$$\therefore \text{মোট বালক} = 36 + 18 = 54 \text{ জন}$$

$$18 \text{ জন বালক করে} = 36 \text{ দিনে}$$

$$\therefore 1 \text{ জন বালক করে} = (36 \times 18) \text{ দিনে}$$

$$\therefore 54 \text{ জন বালক করে} = \frac{36 \times 18}{54} = 12 \text{ দিনে}$$

$$\therefore \text{কাজটির দ্বিগুণ করতে পারবে} = 12 \times 2 = 24 \text{ দিনে}$$

50. একটি বাস্তবে কিছু ৫০ টাকা, কিছু ২০ টাকা এবং কিছু ১০ টাকার নোট আছে যার আর্থিক মূল্য ৯৮০ টাকা। ঐ বাস্তবে ২০ টাকার নোট ২০টি থাকলে সর্বোচ্চ কতটি ৫০ টাকার নোট আছে?

- a) ৭টি                      b) ৮টি  
c) ৯টি                      d) কোনোটিই নয় **ans. D**

**Solution:** ৯৮০ টাকা বলায় ৫০ দিয়ে ভাগ দেওয়ার জন্য

$$20 \text{ টাকার } 20 \text{ টি নোট মোট টাকা} = 20 \times 20 = 800$$

$$10 \text{ টাকার নোট } 30 \text{ টি হবে} = 30 \text{ টাকা}$$

$$20 \text{ এবং } 10 \text{ টাকার নোটের মূল্যমান}$$

$$= 800 + 30 = 830 \text{ টাকা}$$

$$50 \text{ টাকার নোটের মূল্যমান}$$

$$= 980 - 830 = 150 \text{ টি}$$

$$\therefore 50 \text{ টাকার নোট রয়েছে} = \frac{150}{50} = 3 \text{ টি}$$

51. প্রতি চার বছর অন্তর অন্তর জন্মগ্রহণ করা পাঁচটি শিশুর বয়সের সমষ্টি ৭৫ বছর। কনিষ্ঠ শিশুর বয়স কত বছর?

- a) ৮                      b) ৫  
c) ৬                      d) ৭ **ans. D**

**Solution:** ধরি, কনিষ্ঠ বা ৫ম শিশুর বয়স  $x$  বছর

$$৪র্থ শিশুর বয়স = (x + 8) \text{ বছর}$$

$$৩য় শিশুর বয়স = x + 8 + 8 = (x + ৮) \text{ বছর}$$

$$২য় শিশুর বয়স = x + 8 + 8 + 8 = (x + ১২) \text{ বছর}$$

$$১ম শিশুর বয়স = x + 8 + 8 + 8 + 8$$

$$= (x + ১৬) \text{ বছর}$$

প্রশ্নমতে,

$$x + x + 8 + x + ৮ + x + ১২ + x + ১৬ = ৭৫$$

$$\Rightarrow 5x + 80 = ৭৫$$

$$\Rightarrow 5x = ৩৫$$

$$\therefore x = \frac{35}{5} = ৭ \text{ বছর}$$

অর্থাৎ কনিষ্ঠ শিশুর বয়স ৭ বছর।

52. বিশেষ ক্রমানুযায়ী সাজানো ১, ৩, ৬, ১১, ১৮, ২৯, ৪২, ..... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত হবে?

- a) ৫৯                      b) ৬৬  
c) ৬৪                      d) ৭২ **ans. A**

**Solution:** এখানে পূর্ববর্তী সংখ্যার সাথে মৌলিক সংখ্যা ক্রমানুসারে যোগ হয়ে পরবর্তী সংখ্যা হয়েছে। যেমন:

$$1ম পদ = 1$$

$$2য় পদ = 1 + 2 = 3$$

$$3য় পদ = 3 + 3 = 6$$

$$৪র্থ পদ = 6 + 5 = 11$$

$$5ম পদ = 11 + 9 = 20$$

$$6ষ্ঠ পদ = 20 + 11 = 31$$

$$7ম পদ = 31 + 13 = 44$$

$$\text{এবং } 8ম পদ = 44 + 17 = 61$$

53. একটি শ্রেণীর প্রতি বেঞ্চে ৪ জন করে ছাত্র বসলে ৩টি বেঞ্চ ফাঁকা থাকে। কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৬ জন ছাত্রের দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণীর ছাত্র সংখ্যা কত?

- a) ৫০                      b) ৬০  
c) ৭০                      d) ৮০ **ans. B**

**Solution:** ধরি, মোট ছাত্র সংখ্যা =  $x$  জন।

$$\text{প্রতিবেঞ্চে } ৪ \text{ জন করে বসলে} = \left(\frac{x}{8} + 3\right) \text{ টি বেঞ্চ।}$$

$$\text{প্রতিবেঞ্চে } ৩ \text{ জন করলে} = \frac{x-6}{3} \text{ টি বেঞ্চ।}$$

$$\text{প্রশ্নমতে, } \frac{x}{8} + 3 = \frac{x-6}{3}$$

$$\Rightarrow \frac{x+12}{8} = \frac{x-6}{3}$$

$$\Rightarrow 3x + 36 = 8x - 24$$

$$\Rightarrow 36 + 24 = 8x - 3x$$

$$\therefore x = 60$$

**Alternative:** ধরি, ছাত্র সংখ্যা  $y$  জন এবং বেঞ্চ সংখ্যা  $x$  টি  
প্রশ্নমতে,  $y = 4x - (3 \times 4) = 4x - 12$  [4 জনের 3টি বেঞ্চ খালি থাকে]

$$\Rightarrow 4x - y = 12 \text{ ..... (i)}$$

$$\text{আবার, } 2য় প্রশ্নমতে, y = 3x + 6$$

$$\Rightarrow 3x - y = -6 \text{ ..... (ii)}$$

(i) নং থেকে (ii) নং সমীকরণ বিয়োগ করে পাই,

$$4x - y = 12$$

$$3x - y = -6$$

$$(-) x = 18$$

এখন,  $x$  এর মান (i) নং সমীকরণে বসাই,

$$4x - y = 12$$

$$\Rightarrow (4 \times 18) - y = 12$$

$$\therefore y = 72 - 12 = 60$$

অতএব, নির্ণেয় শিক্ষার্থীর সংখ্যা 60 জন।

54. সমকোণী ত্রিভুজাকৃতির একটি মাঠের অতিভুজ ও ভূমির দৈর্ঘ্য যথাক্রমে ১৩ মিটার ও ৫ মিটার। মাঠটির ক্ষেত্রফল কত বর্গমিটার।

- a) ৬০                      b) ৬৫  
c) ৩০                      d) ৪৫ **ans. C**

**Solution:** সমকোণী ত্রিভুজে, (অতিভুজ)<sup>২</sup> = (লম্ব)<sup>২</sup> + (ভূমি)<sup>২</sup>

$$\Rightarrow 13^2 = (\text{লম্ব})^2 + 5^2$$

$$\Rightarrow (\text{লম্ব})^2 = 169 - 25$$

$$\Rightarrow (\text{লম্ব})^2 = 144$$

$$\Rightarrow \text{লম্ব} = 12 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = \frac{1}{2} (\text{ভূমি} \times \text{উচ্চতা}) = \frac{1}{2} \times 5 \times 12$$

$$= 30 \text{ বর্গমিটার}$$



61. বিশ্বের অন্যতম বৃহত্তম তেল মজুদকৃত অঞ্চল- 'অরিনোকো বেল্ট' (Orinoco Belt) কোন দেশে অবস্থিত?

- a) কানাডা                      b) ব্রাজিল  
c) ভেনেজুয়েলা              d) যুক্তরাষ্ট্র                      **ans. C**

**Solution:** 'অরিনোকো বেল্ট' (Orinoco Belt) ভেনেজুয়েলা দেশে অবস্থিত। এটি বিশ্বের অন্যতম বৃহত্তম তেল মজুদকৃত অঞ্চল হিসেবে পরিচিত, যেখানে প্রচুর পরিমাণে ভারী ও অতিভারী অপরিিশোধিত তেল মজুদ রয়েছে।

62. বাংলাদেশে উৎপাদিত নিম্নলিখিত কোন রাসায়নিকটি কৃষির খাতে সবচেয়ে ব্যবহৃত হয়?

- a) নাইট্রিক অ্যাসিড  
b) অ্যামোনিয়াম সালফেট  
c) পটাসিয়াম ক্লোরাইড  
d) ইথানল                                      **ans. B**

63. এই বছর ৫১তম জি-৭ শীর্ষ সম্মেলনের আয়োজক দেশ কোনটি?

- a) কানাডা                      b) ফ্রান্স  
c) যুক্তরাজ্য                      d) যুক্তরাষ্ট্র                      **ans. A**

**Solution:** ২০২৫ সালের ১৫ থেকে ১৭ জুন জি-৭ এর ৫১তম সম্মেলন অনুষ্ঠিত হবে কানাডায়। উল্লেখ্য, জি-৭ এর দেশগুলো হলো: জাপান, কানাডা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, ইতালি।

64. নিচের কোন দেশটি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে স্বর্ণমুদ্রা চালু করেছে?

- a) তুরস্ক                              b) আর্জেন্টিনা  
c) জিম্বাবুয়ে                      d) বলিভিয়া                              **ans. C**

**Solution:** জিম্বাবুয়ে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে স্বর্ণমুদ্রা চালু করেছে। ২০২২ সালের জুলাই মাসে দেশটির কেন্দ্রীয় ব্যাংক 'মোসি-ওয়া-তুনিয়া গোল্ড কয়েন' নামে এই স্বর্ণমুদ্রা বাজারে আনে, যা ভিক্টোরিয়া ফলসের স্থানীয় নাম। প্রতিটি মুদ্রায় এক টরি আউন্স (প্রায় ৩১.১০ গ্রাম) ২২ ক্যারেট স্বর্ণ রয়েছে। এই উদ্যোগের মাধ্যমে জিম্বাবুয়ে তাদের মুদ্রার অবমূল্যায়ন রোধ এবং মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করেছে।

65. মাথাপিছু আয়ের দিক দিয়ে বর্তমানে নিচের কোন দেশটি বিশ্বের শীর্ষে রয়েছে?

- a) জার্মানি                              b) ফ্রান্স  
c) লুক্সেমবার্গ                      d) যুক্তরাষ্ট্র                              **ans. C**

**Solution:** মাথাপিছু আয়ের দিক দিয়ে বর্তমানে লুক্সেমবার্গ বিশ্বের শীর্ষে রয়েছে। উল্লেখ্য, ফোর্বস ইন্ডিয়ার অক্টোবর ২০২৪ এর প্রতিবেদন অনুযায়ী বিশ্বের শীর্ষ ১০ ধনী দেশ হলো: লুক্সেমবার্গ, ম্যাকাও, আয়ারল্যান্ড, সিঙ্গাপুর, কাতার, সংযুক্ত আরব আমিরাত, সুইজারল্যান্ড, সান ম্যারিনো, যুক্তরাষ্ট্র এবং নরওয়ে।

66. সরকার দেশে অর্থনৈতিক অঞ্চল নির্মাণের উদ্দেশ্যে নিচের কোন জেলাটিকে সাবরাং ট্যুরিজম পার্ক প্রতিষ্ঠা করার পরিকল্পনা গ্রহণ করেছে?

- a) টেকনাফ                              b) আনোয়ারা  
c) মীরসরাই                              d) মহেশখালী                              **ans. Note**

**Solution:** বাংলাদেশ সরকার কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় সাবরাং ট্যুরিজম পার্ক প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করেছে। এটি দেশের প্রথম বিশেষায়িত পর্যটন পার্ক, যা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) কর্তৃক উন্নয়ন করা হচ্ছে।

67. নিচের কোন পণ্যটিকে ২০২৫ সালের বর্ষপণ্য হিসেবে ঘোষণা করা হয়েছে?

- a) পাট                                      b) জামদানি শাড়ি  
c) আসবাবপত্র                      d) আম                                      **ans. C**

**Solution:** বুধবার (১ জানুয়ারি) নতুন বছরের প্রথম দিন পূর্বাচলের বাংলাদেশ-চায়না ফ্রেডশিপ এক্সিবিশন সেন্টারে (বিসিএফসি) ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) উদ্বোধনী অনুষ্ঠানে আসবাবপত্রকে ২০২৫ সালের বর্ষপণ্য ঘোষণা করেন।

68. শক্তিশালী পাসপোর্ট সূচক -২০২৫ অনুযায়ী বিশ্ব বাংলাদেশের অবস্থান কততম?

- a) ৯৮তম                                      b) ৯৯তম  
c) ১০০তম                                      d) ১০১তম                                      **ans. Note**

**Solution:** ২০২৫ সালে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী বিশ্বের শক্তিশালী পাসপোর্ট সূচকে বাংলাদেশের অবস্থান ৯৩তম। এই সূচকে শীর্ষে অবস্থান করছে সিঙ্গাপুর।

69. কোন দেশে সম্প্রতি বিশ্ব অর্থনৈতিক ফোরামের বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে?

- a) সুইজারল্যান্ড                      b) ইতালি  
c) সুইডেন                                      d) জাপান                                      **ans. A**

**Solution:** সুইজারল্যান্ডের দাভোস শহরে চলছে বিশ্ব অর্থনৈতিক ফোরামের বার্ষিক সভা।

70. গ্রিনল্যান্ড কোন দুইটি দেশের মাঝখানে অবস্থিত?

- a) কানাডা ও রাশিয়া  
b) যুক্তরাষ্ট্র ও রাশিয়া  
c) যুক্তরাষ্ট্র ও ডেনমার্ক  
d) ডেনমার্ক ও রাশিয়া                                      **ans. Note**

**Solution:** গ্রিনল্যান্ড উত্তর আটলান্টিক ও আর্কটিক মহাসাগরের মধ্যে অবস্থিত একটি সুবৃহৎ দ্বীপ, যা ডেনমার্কের একটি স্ব নিয়ন্ত্রিত অংশ হিসাবে স্বীকৃত। এটি পশ্চিম দিকে ডেভিস প্রণালী ও ব্যাফিন উপসাগর দ্বারা প্রাথমিক কানাডীয় আর্কটিক দ্বীপপুঞ্জ থেকে বিচ্ছিন্ন হয়েছে এবং পূর্ব দিকে ডেনমার্ক প্রণালী দ্বারা আইসল্যান্ড থেকে পৃথক হয়েছে।

71. বহুল আলোচিত 'ডিপসিক' কোন দেশের সফটওয়্যার কোম্পানি?

- a) যুক্তরাষ্ট্র                                      b) দক্ষিণ কোরিয়া  
c) জাপান                                      d) চীন    **ans. D**

**Solution:** ডিপসিক (DeepSeek) একটি চীনা কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) স্টার্টআপ, যা ২০২৩ সালে প্রতিষ্ঠিত হয়। তাদের উন্নত AI মডেল, বিশেষ করে ডিপসিক-R1, উচ্চ কার্যক্ষমতা এবং কম খরচের জন্য বিশ্বব্যাপী পরিচিতি লাভ করেছে। ডিপসিকের মডেলগুলি ওপেন-সোর্স হওয়ায় দ্রুত গ্রহণযোগ্যতা পেয়েছে এবং প্রচলিত

AI মডেলগুলোর তুলনায় উল্লেখযোগ্যভাবে সাশ্রয়ী। তবে, ডিপসিকের এই অগ্রগতি কিছু উদ্বেগও সৃষ্টি করেছে। তাদের মডেলগুলোর মধ্যে চীনা সরকারের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হতে পারে, যা সেন্সরশিপ এবং তথ্যের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। এছাড়া, ডিপসিকের মডেলগুলোর কার্যকারিতা এবং নিরাপত্তা নিয়ে বিভিন্ন দেশের সরকার এবং প্রতিষ্ঠান সতর্কতা অবলম্বন করেছে। ডিপসিকের সাফল্য AI শিল্পে একটি নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে, যেখানে কম খরচে উচ্চ কার্যক্ষমতার মডেল তৈরি করা সম্ভব। তাদের ওপেন-সোর্স পদ্ধতি এবং সাশ্রয়ী মডেলগুলি AI প্রযুক্তির উন্নয়নে নতুন সম্ভাবনা উন্মোচন করেছে।

72. বাংলাদেশের তৈরি পোশাকের শীর্ষ ক্রেতা কোম্পানি এইচ এন্ড এম কোন দেশের কোম্পানি?

- a) যুক্তরাষ্ট্র                      b) যুক্তরাজ্য  
c) ইতালি                              d) কোনোটিই নয় **ans. D**

**Solution:** এইচ অ্যান্ড এম (H&M) সুইডেনের একটি কোম্পানি। এটি মূলত একটি বহুজাতিক ফ্যাশন রিটেইল ব্র্যান্ড, যার পূর্ণ নাম Hennes & Mauritz। H&M বিশ্বব্যাপী পোশাক ও ফ্যাশন সামগ্রী বিক্রয় করে এবং বাংলাদেশ থেকে বিপুল পরিমাণ পোশাক আমদানি করে, যা দেশের তৈরি পোশাক শিল্পের অন্যতম শীর্ষ ক্রেতা।

73. টাঙ্গুয়ার হাওড় কোন জেলায় অবস্থিত?

- a) সুনামগঞ্জ                      b) কিশোরগঞ্জ  
c) চট্টগ্রাম                              d) শেরপুর **ans. A**

**Solution:** টাঙ্গুয়ার হাওড় বাংলাদেশের সুনামগঞ্জ জেলায় অবস্থিত। এটি দেশের অন্যতম প্রধান জলাভূমি, যা জীববৈচিত্র্যে সমৃদ্ধ এবং আন্তর্জাতিকভাবে গুরুত্বপূর্ণ রামসার সাইট হিসেবে স্বীকৃত।

74. 'সকল নাগরিক সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকার রাখে' - সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত আছে?

- a) ১৭ নং                              b) ২১(২) নং  
c) ২৭ নং                              d) ৩৭ নং **ans. C**

**Solution:** বাংলাদেশ সংবিধানের তৃতীয় ভাগের (মৌলিক অধিকার) ২৭নং অনুচ্ছেদে বলা হয়েছে 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী'। উল্লেখ্য,

১৭নং	২১(২) নং	৩৭নং
অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা	সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য	সমাবেশের স্বাধীনতা

75. জনসংখ্যার বিবেচনায় বাংলাদেশের সবচেয়ে ছোট থানা কোনটি?

- a) থানচি                              b) শিবগঞ্জ  
c) রাজস্থলী                              d) শ্যামনগর **ans. Note**

**Solution:** জনসংখ্যায় বাংলাদেশের ক্ষুদ্রতম থানা বিমান বন্দর (ঢাকা) এবং বৃহত্তম থানা গাজীপুর সদর। তবে জনসংখ্যায় বাংলাদেশের ক্ষুদ্রতম উপজেলা থানচি (বান্দরবান)।

76. কোন গাছের কাঠ থেকে পেস্টিল তৈরি হয়?

- a) গেওয়া                              b) গর্জন  
c) ধুন্দল                              d) সুন্দরী **ans. C**

**Solution:** ধুন্দল গাছ পেস্টিল তৈরিতে, গরান গাছ রং তৈরিতে এবং চাপালিশ গাছ রেলের স্পিয়ার তৈরিতে ব্যবহৃত হয়। গেওয়া, শিমুল ও কদম এই গাছগুলো বাস্তব এবং দিয়াশলাই তৈরিতে ব্যবহৃত হয়।

77. বিশ্বের গভীরতম হ্রদের নাম কি?

- a) বৈকাল                              b) লেক সুপিরিয়র  
c) কাম্পিয়ান                              d) চিলকা **ans. A**

**Solution:** বৈকাল হ্রদ রাশিয়ার সাইবেরিয়ার দক্ষিণভাগে অবস্থিত একটি সুপের পানির হ্রদ। হ্রদটির আয়তন প্রায় ৩১,৫০০ বর্গকিলোমিটার। এর সর্বাধিক গভীরতা ১,৬৩৭ মিটার। এর সর্বাধিক দৈর্ঘ্য ৬৩৬ কিগমিঃ এবং প্রস্থ ৭৯ কিগমিঃ। উল্লেখ্য, ১৯৯৬ সালে এটিকে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী স্থান ঘোষণা করে।

78. নিচের কোনটি ফল পাকানোর জন্য দায়ী?

- a) ইথিলিন                              b) লাইকোপেন  
c) মিথিলিন                              d) প্রপিন **ans. A**

**Solution:** ইথিলিন হলো গ্যাসীয় হরমোন। এ হরমোন পাকা ফলে বেশি পরিমাণে পাওয়া যায়। এ হরমোন ফুল, পাতা, বীজ ও মূলেও অল্প পরিমাণে পাওয়া যায়। এ হরমোন ফল পাকাতে সাহায্য করে। কাঁচা ফলকে কৃত্রিম উপায়ে পাকানোর জন্য এই হরমোন স্প্রে করা হয়।

79. আন্তর্জাতিক সালিশী আদালত কোথায় অবস্থিত?

- a) জেনেভায়                              b) লন্ডনে  
c) প্যারিসে                              d) হেগে **ans. D**

**Solution:** জাতিসংঘের প্রধান বিচার বিভাগীয় অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (ICJ) বা আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর নেদারল্যান্ডসের 'দি হেগ'- এ অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালে ২৪ অক্টোবর। এ আদালতে বিচারকের সংখ্যা ১৫ জন হলেও প্রত্যেক বিচারকের মেয়াদকাল ৯ বছর আর সে ক্ষেত্রে সভাপতি নির্বাচন করা হয় ৩ বছরের জন্য।

80. পৃথিবীর বৃহত্তম অরণ্যের নাম কি?

- a) গোবি                              b) আতাকামা  
c) দালোল                              d) তৈগা **ans. D**

**Solution:** তৈগা পৃথিবীর বৃহত্তম বনাঞ্চল। উত্তর আমেরিকায়, তৈগা কানাডার এবং আলাস্কার ভূপৃষ্ঠজুড়ে বিস্তৃত। এছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রের উত্তর অংশেও তৈগা বনাঞ্চল রয়েছে। যুক্তরাষ্ট্রে এটি নর্থউড নামে পরিচিত। তৈগা সুইডেন, ফিনল্যান্ড, নরওয়েও উত্তরাংশ, রাশিয়ার সাইবেরিয়া, কাজাখস্থানের উত্তরাংশ, মঙ্গোলিয়ার উত্তরাংশ এবং জাপানের উত্তরাংশ জুড়েও বিস্তৃত। পৃথিবীর এক-তৃতীয়াংশ বৃক্ষ তৈগা বনাঞ্চলে রয়েছে।